

শিক্ষক ধর্মঘটে তিন দিন ধরে অচল কুমিল্লা বিশ্ববিদ্যালয়

■ কুমিল্লা প্রতিনিধি

শিক্ষকদের টানা তিন দিন ধর্মঘটে অচল হয়ে পড়েছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) একাডেমিক কার্যক্রম ১৫ দফা বড়বাড়ির দক্ষিণ শিক্ষক সমিতি গত রবিবার থেকে অনিশ্চিতকালের অবস্থানে ধর্মঘটে পালন করেছে। জঙ্গি বিশ্ববিদ্যালয়ের ক্লাস পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রমে তিন দিন ধরে বন্ধ রয়েছে।

গতকাল মঙ্গলবারও শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে ক্লাস দেননি। বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত আন্দোলনরত পড়াশুনা শিক্ষক প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘটে পালন করেন। আন্দোলনরত শিক্ষকরা জানান, উপাচার্য বিশ্ববিদ্যালয়ের উন্নতির কথা ভাবছেন না। প্রতি বিভাগে ৭টি ব্যাচের জন্য রয়েছে মাত্র দুটি ক্লাসরুম। কোন কোন বিভাগে একটি ক্লাসরুম রয়েছে। ফলে বিভাগীয় ও একাডেমিক কার্যক্রম পরিচালনা করা অসম্ভব হয়ে পড়েছে। এমতাবস্থায় জরুরি কার্যক্রম সম্পন্ন হতে দুই মাস অতিরিক্ত হলেও নতুন ব্যাচের শিক্ষার্থীদের ক্লাস শুরু করা সম্ভব হয়নি। জঙ্গি অনিশ্চিততায় পড়েছে সংশ্লিষ্ট শিক্ষার্থী।

শিক্ষক সমিতির সভাপতি ড. আহসান উসমান জানান, পৃষ্ঠা ১৯ কলাম ৬

শিক্ষক ধর্মঘটে তিন দিন

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষকদের নামা দাবি থেকে উপাচার্য শিক্ষকদের বঞ্চিত করছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘটে অব্যাহত থাকবে। এ ব্যাপারে জানতে কুবির উপাচার্য ড. অখির হোসেন খানের সঙ্গে একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হয়। কিন্তু তিনি ফোন গ্রহণ করেননি।

শিক্ষকদের পাচ দফার মধ্যে রয়েছে পদোন্নতির নীতিমালা প্রণয়ন, দুই বছরের মধ্যে স্থায়ীকরণ, পর্যাপ্ত প্রশিক্ষণ বৃদ্ধি, ল্যান্ডফোন ও ইন্টারনেট সুবিধা প্রদান এবং লাইব্রেরি সম্প্রসারণ। গত ২০ ডিসেম্বর শিক্ষক সমিতির জরুরি সাধারণ সভায় এই ধর্মঘটে আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।